

ভরতপুরে দাঁসাই নাচ। ছবি ঃ শুভদীপ অধিকারী

# একনজরে বাঁকুড়া জেলার মেলা ঃ একটি তথ্যভিত্তিক ক্ষেত্রসমীক্ষা

সুখেন্দু হীরা

*প্রতিদিন মানুষ ক্ষুদ্র, দীন, একাকী - কিন্তু উৎসবের দিনে মানুষ বৃহৎ সেদিন যে সমস্ত মানুষের সঙ্গে একত্র হইয়া বৃহৎ, সেদিন সে সমস্ত মনুষ্যত্বের শক্তি অনুভব করিয়া মহৎ।*
*রবীন্দ্রনাথ ঠাকুর (উৎসবের দিন, ধর্ম)*

মানুষ প্রধানত মনের একাকীত্ব এবং দৈনন্দিন জীবনের একঘেয়েমি কাটাতে উৎসবে মেতে ওঠে। কারন উৎসবে বহু লোকের সমাগম হয়। ফলে তার একাকীত্ব ও একঘেয়েমি দুটোই কেটে যায়। উৎসবে বহু লোকের সমাগম কে বলা হয় মেলা। এরকমটাই বলা আছে হরিচরণ বন্দ্যোপাধ্যায়ের বঙ্গীয় শব্দকোষ অভিধানে। আরো বলা আছে 'তাদৃশ লোকসমাগম উপলক্ষে বাজার'। তাই মেলাতে শুধু লোকসমাগম হলে হবে না। তাতে বাজার বসতে হবে। অর্থাৎ বিক্রেতা ক্রেতা ও দর্শকের সমাগম থাকবে। নানা বিষয়ের প্রদশনী থাকবে। সেগুলি সব বিক্রয়ের জন্য নাও হতে পারে। তাই রাজশেখর বসুর অভিধান চলন্তিকাতে মেলা অর্থে বলা আছে, 'বিক্রেতা, ক্রেতা ও দর্শকের সমাগম'

প্রদর্শনী, পর্বাদির জন্য লোক সমাগম। এটা ঠিক 'মেলা' শব্দটি এসেছে 'মিল' ধাতু থেকে। মিল থেকে মিলা এবং মিলা থেকে মেলা। উৎসবেও লোক সমাগম হয়। মেলাতেও তাই। কিন্তু উৎসব ও মেলার মধ্যে একটি দিকে পার্থক্য আছে। সেটি অর্থকরী দিক। অর্থাৎ মেলায় একটি বাণিজ্যিক ব্যাপার আছে। পণদ্রব্যের কেনা-বেচার ব্যাপার আছে। গ্রামীণ সংস্কৃতিতে পণ্যদ্রব্য কেনা ও বেচার কেন্দ্র ছিল হাট। এই হাটের বর্ধিত রূপ হিসাবে দেখা দিল মেলা। হাটে দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় সামগ্রী পাওয়া যায়। কিন্তু বিশেষ ধরণের পণ্য অথবা বিশেষ আঙ্গিকে প্রস্তুত শিল্পদ্রব্য পাওয়ার জন্য আমাদের অপেক্ষা করতে হয় মেলার। মেলায় সেসব জিনিসের উপস্থাপন প্রদর্শনীর নামান্তর। যদিও বর্তমানে গ্রাম বাংলার সাপ্তাহিক হাটগুলিতে নানা বৈচিত্রময় জিনিসের সমাহার থাকে। সেখানে দৈনন্দিন প্রয়োজনীয় মেটানোর সঙ্গে সঙ্গে সখের জিনিসেরও চাহিদা পূরণ করে। এজন্য গ্রামের হাটে গেলে মনে হয় যেন মেলায় ঘুরতে এসেছি। তাই গ্রামীণ হাট অনেকের কাছে খুব প্রিয়। আমরা দেখলাম মেলার সঙ্গে একটা সার্বজনীন অর্থনীতি জড়িয়ে আছে। প্রচুর ব্যক্তি এই মেলার সঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত। পরোক্ষভাবে তার শতগুণ। অনেক ব্যাপারী তারা শুধু মেলায় মেলায় ঘুরে বেড়ান। একটা মেলা শেষ হলে সেই মেলার দোকান ভেঙ্গে অন্য মেলায় গিয়ে বাঁধেন। সেই মেলা শেষ হলে অন্য মেলায়। এভাবে মেলায় মেলায় পসরা সাজিয়ে বছর কেটে যায়। তাদের এক অদ্ভুত জীবনযাত্রা। অনেক আছেন, সাধারণ সময়ে অন্য পেশার সঙ্গে যুক্ত, মেলার সময় কিছু সামগ্রী সংগ্রহ করে মেলায় বসে গেলেন। গ্রামীণ মেলার ক্ষেত্রে স্থানীয় শিল্পী, কৃষক তাদের উৎপাদিত দ্রব্য নিয়ে সরাসরি মেলায় চলে আসেন। স্থানীয় কৃষকেরা তাদের প্রয়োজনীয় কৃষি কাজের সরঞ্জাম এইসব মেলা থেকে সংগ্রহ করেন। অতীতে স্থানীয় ভূস্বামী বিভিন্ন উৎসবে মেলা বসিয়ে রাজস্ব আদায় করতেন। সেই কাজ বর্তমানে স্থানীয় মেলা কমিটি করে থাকে। তবে মাথায় রাখতে হবে মেলা বা উৎসবের আয়োজন করতে অর্থের সংস্থান প্রয়োজন হয়। নদীয়া জেলার কৃষ্ণনগর বারদোল বা বারোদোলায় মেলা খুব বিখ্যাত। লোকশ্রুতি অনুসারে ২০০ বছর আগে রাজা কৃষ্ণচন্দ্র রায় এই মেলা প্রবর্তন করেন। রাজবাড়ির বাইরের প্রাঙ্গনে চৈত্র মাসের শুক্লা একাদশীতে মেলা বসান। ঐতিহাসিকদের মতে নবাবের ক্রমবর্ধমান রাজস্বের চাহিদা এবং বর্গী হাঙ্গামায় বিপর্যস্ত রাজ্যে অর্থের যোগান বাড়ানোর জন্য নদীয়া রাজা এই মেলা বসিয়েছিলেন।

সুকুমার সেন একটি জনপ্রিয় পত্রিকায় (সানন্দা ঃ ৮ই মার্চ ১৯৯০) মেলা কী এবং কেন? প্রবন্ধে লিখেছিলেন ঋগবেদ অনুসারে মেলা চার প্রকার -

১. ধর্মমেলক - সদাচার বা দেব - উপাসনা উপলক্ষ্য করে খাওয়া দাওয়া, নাচ গান ইত্যাদি অবলম্বনে চিত্ত বিনোদন।

২. কর্মমেলক - মেলায় সকলের সমান অধিকার এই কথা মাথায় রেখে পরস্পরের মধ্যে নানা প্রতিযোগিতা যেমন ক্রীড়া বা অন্যান্য কৌশলমূলক যে মিলন।

৩. নর্ম মেলক - বিশুদ্ধ আমোদ-প্রমোদ, ক্রীড়া-কৌতুক, অদল-বদল ও কেনা-বেচা নিয়ে যে মেলা।

৪. মর্ম মেলক - জীবন রহস্য ও তত্ত্ব কথার আলোচনা সভা নিয়ে জনসমাগম। এসব মেলা বসত রাজসভায় বা গুরু আশ্রমে।

বলা যেতে পারে উৎসব ও মেলার মধ্যে প্রভেদ শুধু দোকানদানি বসার। আমরা এভাবেও বলতে পারি সমস্ত মেলাই উৎসব, কিন্তু সমস্ত উৎসব মেলা নয়। আমরা এখানে বাঁকুড়া জেলার শুধু মেলা নিয়ে কথা বলব। সমস্ত উৎসব বা পার্বন নিয়ে নয়। উৎসব বা পার্বনে মেলা বসে সেগুলিই উল্লেখ করা হবে। উৎসব বা পার্বন ছাড়াও মেলা বসে যেমন বই মেলা, কৃষি মেলা। আমরা বাঁকুড়া জেলার মেলাগুলিকে নিম্নলিখিতভাবে ভাগ করতে পারি।

১. পার্বন মেলা ২. ধর্মীয় মেলা ৩. আদিবাসী মেলা ৪. আধুনিক মেলা।

**১. পার্বন মেলা** ঃ উৎসব বললে প্রথমেই মনে আসে পালা পার্বনের কথা। কথায় বলে বাঙালির বারো মাসে তেরো পার্বন। এই পালা-পার্বন অনেকটা কৃষিভিত্তিক। স্বাভাবিক, বাংলা মূলত কৃষি নির্ভর দেশ। চাষের আগে, চাষের সময়, চাষ হয়ে গেলে সাময়িক বিরতিতে, ফসল কাটার সময় ফসল উঠে যাওয়ার অবসরে এই পালা পার্বনের বিন্যাস। তাকে ঘিরে উৎসব। সেই উৎসব উলপক্ষে কোথাও কোথাও মেলা। উদাহরণ স্বরূপ বলা যায় শিবগাজন।

**শিবগাজন** ঃ কৃষিকাজ শুরু করার আগের সময়টাতে হয় শিবগাজন। শিবগাজন শুরু হয় চৈত্র মাস থেকে, চলে জ্যৈষ্ঠ পর্যন্ত। বাংলার শিব হল চাষী। বাংলা মঙ্গলকাব্যের শিব অলস, গাঁজা খায়, গৌরীর তাড়নায় চাষ করতে যায়। ত্রিশূল গলিয়ে হালের ফলা বানায়। কুবেরের কাছ থেকে বীজ নিয়ে আসে। ভীমের সাহায্য নিয়ে চাষ করে। অর্থাৎ শিব সর্বঅঙ্গে কৃষক কূলের প্রতিনিধি। তাই বাংলার কৃষক শ্রেণীকে উৎসাহ দিতে শিবগাজন। গাজনে একটা কৃচ্ছ সাধনের ব্যাপার থাকে। কৃষিকাজ শুরু হওয়ার আগে কৃচ্ছ সাধন করে নিজেকে প্রস্তুত করে নেয় কৃষক সমাজ। এই শিব গাজন উলপক্ষে বিখ্যাত মেলাগুলি হল - বাঁকুড়ার এক্তেশ্বরের গাজন, পাত্রসায়েরের কালঞ্জয়ের গাজন, সোনামুখী থানার পাঁচাল, বেলিয়াতোড় থানার জগন্নাথপুর, ছাতনা থানার মস্তুমরার গাজন। শিব গাজন উপলক্ষে মেলাগুলি মাসভিত্তিক উল্লেখ করা হল।

**চৈত্র মাস**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | সময় | বিশেষত্ব/মন্তব্য |
|---|---|---|---|---|
| বড়মেটালা | খাতড়া - ২ | খাতড়া | চৈত্র সংক্রান্তি | দুদিনের মেলা |
| তুং চাঁড়র | হলুদকানালি | রাঁনীবাঁধ | চৈত্র সংক্রান্তি | দুদিনের মেলা |
| ধানাড়া | ধানাড়া | রাইপুর | চৈত্র সংক্রান্তি | পাঁচদিন মেলা |
| গাড়রা | মাচাতোড়া | সিমলাপাল | চৈত্র সংক্রান্তি | তিনদিন মেলা |
| ভীমাড়া | হাড়মাসড়া | তালডাংরা | চৈত্র সংক্রান্তি | |
| বিবড়দা | বিবড়দা | তালডাংরা | চৈত্র সংক্রান্তি | পয়লা বৈশাখ মেলা |
| শিয়ালবাথান রাধামোহনপুর | তালডাংরা | তালডাংরা | চৈত্র সংক্রান্তি | চারদিন মেলা |
| মলিয়ান | মলিয়ান | হিড়বাঁধ | চৈত্র সংক্রান্তি | একদিনের বৈকালিক মেলা |
| পুয়াড়া | ভেদুয়াশোল | ইন্দপুর | চৈত্র সংক্রান্তি | |
| চুয়ামসিনা | লায়েকবাধ | বিষ্ণুপুর | চৈত্র সংক্রান্তি | চারদিন মেলা |
| ডিহর | উলিয়ারা | বিষ্ণুপুর | চৈত্র সংক্রান্তি | চারদিন মেলা |
| জয়কৃষ্ণপুর | রাধানগর | বিষ্ণুপুর | চৈত্র সংক্রান্তি | |

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | সময় | বিশেষত্ব/মন্তব্য |
|---|---|---|---|---|
| লোহাড় আড়া | অযোধ্যা | বিষ্ণুপুর | চৈত্র সংক্রান্তি | ছোটো মেলা |
| আশুরালি | ময়নাপুর | জয়পুর | চৈত্র সংক্রান্তি | |
| কুচিয়াকোল | কুচিয়াকোল | জয়পুর | চৈত্র সংক্রান্তি | দুদিনের মেলা |
| বাজে ময়নাপুর | কুচিয়াকোল | জয়পুর | চৈত্র সংক্রান্তি | সামান্য দোকানদানি |
| বৈতল | উত্তরবাড় | জয়পুর | চৈত্র সংক্রান্তি | চার/পাঁচ দিন মেলা |
| বেলিয়া | শ্যামনগর | জয়পুর | চৈত্র সংক্রান্তি | |
| বান্না | গেলিয়া | জয়পুর | চৈত্র সংক্রান্তি | তিনদিন মেলা |
| শুকজোড়া | গেলিয়া | জয়পুর | চৈত্র সংক্রান্তি | |
| কারকবেড়িয়া | গেলিয়া | জয়পুর | চৈত্র সংক্রান্তি | |
| সুপুর | সলদা | জয়পুর | চৈত্র সংক্রান্তি | দুদিনের মেলা |
| নবাসন | সলদা | জয়পুর | চৈত্র সংক্রান্তি | ছোটো মেলা |
| সিহড় | সিহড় | কোতুলপুর | চৈত্র সংক্রান্তি | |
| বালিঠা | কোতুলপুর | কোতুলপুর | চৈত্র সংক্রান্তি | |
| দারাপুর | লেগো | কোতুলপুর | চৈত্র সংক্রান্তি | দুদিনের মেলা |
| পান্না | লাউগ্রাম | কোতুলপুর | চৈত্র সংক্রান্তি | |
| মির্জাপুর | মির্জাপুর | কোতুলপুর | চৈত্র সংক্রান্তি | ছোটো মেলা |
| আমদহি | লাউগ্রাম | কোতুলপুর | চৈত্র সংক্রান্তি | তিনদিন মেলা |
| লাউগ্রাম | লাউগ্রাম | কোতুলপুর | চৈত্র সংক্রান্তি | বড় মেলা |
| পাটবাই | আমরল | ইন্দাস | চৈত্র সংক্রান্তি | ছোটো মেলা |
| খাটনগর | মঙ্গলপুর | ইন্দাস | চৈত্র সংক্রান্তি | অল্প দোকান দানি |
| চারিগ্রাম | শাশপুর | ইন্দাস | চৈত্র সংক্রান্তি | ছোটো মেলা |
| তেঁতুলমুড়ি | করিশুণ্ডা | ইন্দাস | চৈত্র সংক্রান্তি | |
| ত্রিশালয় | আকুই - ২ | ইন্দাস | চৈত্র সংক্রান্তি | |
| গোবিন্দপুর | করিশুণ্ডা | ইন্দাস | চৈত্র সংক্রান্তি | ছোটো মেলা |
| বিড়া শিমূল | রোল | ইন্দাস | চৈত্র সংক্রান্তি | |
| কুশদ্বীপ | কুশদ্বীপ | পাত্রসায়র | চৈত্র সংক্রান্তি | |
| বালসী | বালসী | পায়াত্রসায়র | চৈত্র সংক্রান্তি | বড় মেলা |
| বামিরা | বালসী-১ | পাত্রসায়র | চৈত্র সংক্রান্তি | ছোটো মেলা |
| হামিরহাটি | হামিরহাটি | সোনামুখী | চৈত্র সংক্রান্তি | |
| কোচডিহি | কোচডিহি | সোনামুখী | চৈত্র সংক্রান্তি | খুব ছোটো মেলা |
| পলশড়া | ধুলাই | সোনামুখী | চৈত্র সংক্রান্তি | |
| পাঁচাল | পাঁচাল | সোনামুখী | চৈত্র সংক্রান্তি | মেলা ১০/১২দিন |
| জগন্নাথপুর | গদারডিহি | বেলিয়াতোড় | চৈত্র সংক্রান্তি | ৭/৮ দিন মেলা |
| দধিমুখা | গদারডিহি | বেলিয়াতোড় | চৈত্র সংক্রান্তি | সংক্রান্তির দিন |
| পিড়রাবনী | পিড়রাবনী | বেলিয়াতোড় | চৈত্র সংক্রান্তি | পাঁচ দিন |
| বড়জোড়া | বড়জোড়া | বড়জোড়া | চৈত্র সংক্রান্তি | এক দিনের মেলা |
| হাট আশুড়িয়া | হাট আশুড়িয়া | বড়জোড়া | চৈত্র সংক্রান্তি | ৫দিন মেলা |
| কেশিয়ায়াড়া | গঙ্গাজলঘাটি | গঙ্গাজলঘাটি | চৈত্র সংক্রান্তি | ৪ দিন মেলা |
| ফুলজাম | নিত্যানন্দপুর | গঙ্গাজলঘাটি | চৈত্র সংক্রান্তি | ৪দিন মেলা |
| বন্দাবন | বড়শাল | গঙ্গাজলঘাটি | চৈত্র সংক্রান্তি | |
| চৌশাল | বড়শাল | গঙ্গাজলঘাটি | চৈত্র সংক্রান্তি | |
| গোপীনাথপুর | বন আশুড়িয়া | গঙ্গাজলঘাটি | চৈত্র সংক্রান্তি | ৪ দিন মেলা |
| সরাক ডিহি | কুস্তোর | মেজিয়া | চৈত্র সংক্রান্তি | সামান্য দোকানপাট |

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | সময় | বিশেষত্ব/মন্তব্য |
|---|---|---|---|---|
| বারকোনা | কানুড়ি | শালতোড়া | চৈত্র সংক্রান্তি | ৪ দিন মেলা |
| ঢেঁকিয়া | ঢেঁকিয়া | শালতোড়া | চৈত্র সংক্রান্তি | ৪ দিন মেলা |
| কানুড়ি | শালতোড়া | শালতোড়া | চৈত্র সংক্রান্তি | |
| বোঁদনা | সালমা | শালতোড়া | চৈত্র সংক্রান্তি | তিন দিন মেলা |
| মস্তুমরা | জামতোড়া | ছাতনা | চৈত্র সংক্রান্তি | দুই দিন মেলা |
| ইটাডাংরা | ভক্তাবাধ | গঙ্গাজলঘাটি | চৈত্র সংক্রান্তি | ৪ দিন মেলা |
| বহুলাড়া | ওন্দা - ২ | ওন্দা | চৈত্র সংক্রান্তি | একদিন |
| তেলিবেড়িয়া | রামসাগর | ওন্দা | চৈত্র সংক্রান্তি | |
| হরিহরপুর | সান্তোর | ওন্দা | চৈত্র সংক্রান্তি | ১/২ বৈশাখ মেলা |
| ছাগুলিয়া | চিঙানি | ওন্দা | চৈত্র সংক্রান্তি | বিশেষ আকর্ষণ মাটির হাড়ি |
| পুঞ্চা | রামসাগর | ওন্দা | চৈত্র সংক্রান্তি | দুই দিন মেলা |
| বালিয়াড়া | সান্তোর | ওন্দা | চৈত্র সংক্রান্তি | তিন দিন মেলা |
| ছোটো কুর্পা | রতনপুর | ওন্দা | চৈত্র সংক্রান্তি | তিন দিন মেলা |
| এক্তেশ্বর | সানবাঁধা | বাঁকুড়া | চৈত্র সংক্রান্তি | তিন দিন মেলা |
| মোলবনা | কেঞ্জাকুড়া | বাঁকুড়া | চৈত্র সংক্রান্তি | চারদিন মেলা |
| তিলাবেদ্যা | পুরন্দরপুর | বাঁকুড়া | চৈত্র সংক্রান্তি | তিন মেলা |

### বৈশাখ মাস

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | সময় | বিশেষত্ব/মন্তব্য |
|---|---|---|---|---|
| ধবনী | খাতড়া - ২ | খাতড়া | ১০/১২ বৈশাখ | |
| গোঁসাইডিহি | হলুদকানালী | রানীবাঁধ | ১৮/১৯ বৈশাখ | ভোলানাথের মিলন মেলা |
| জয়নগর | অম্বিকানগর | রানীবাঁধ | ২০/২১ বৈশাখ | - |
| পঁচাপানি | রাওতাড়া | বারিকুল | ২০ বৈশাখ | |
| বীরকাঁড় | বারিকুল | বারিকুল | ১৪/১২ বৈশাখ | |
| ভাগরা | দুন্দার | রাইপুর | ২৫ বৈশাখ | |
| কুমারপুর | সারেঙ্গা | সারেঙ্গা | ৯ বৈশাখ | |
| বামুনডিহা | নেতুরপুর | সারেঙ্গা | বৈশাখ সংক্রান্তি | |
| শালডহরা | গোয়ালবাড়ি | সারেঙ্গা | ১৭ই বৈশাখ | একদিনের সাধুমেলা |
| খালগ্রাম | খালগ্রাম | সারেঙ্গা | ২১-২৩ বৈশাখ | দুটি মেলা ভ্যাগুা ও খালগ্রামে |
| পাঁচমুড়া | পাঁচমুড়া | তালডাংরা | ১১-১৫ বৈশাখ | শেষদিন মেলা |
| ভোজদা | হিড়বাঁধ | হিড়বাঁধ | ১০-১১ বৈশাখ | শেষদিন মেলা |
| আটবাই চন্ডী | গৌরবাজার | ইন্দপুর | বৈশাখ সংক্রান্তি | তিনদিন মেলা |
| আমরুল | অযোধ্যা | বিষ্ণুপুর | বুদ্ধপূর্ণিমা | দুদিন |
| রানী খামার | দ্বারিক গোসাইপুর | বিষ্ণুপুর | (১০-১২) বৈশাখ | ১০/১১ বৈশাখ |
| ঝরিয়া | মড়ার | বিষ্ণুপুর | বৈশাখ সংক্রান্তি | গাজনের দুদিন সামান্য দোকানদানি |
| রাধানগর | রাধানগর | বিষ্ণুপুর | অক্ষয় তৃতীয়া | চারদিন মেলা |
| ভাট্‌রা | রাধানগর | বিষ্ণুপুর | বৈশাখ মাসের যেকোনো দিন | দুদিন মেলা |
| মল্লেশ্বর | বিষ্ণুপুর শহর | বিষ্ণুপুর | অক্ষয় তৃতীয়া | ছোটো খাটো মেলা |

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | সময় | বিশেষত্ব/মন্তব্য |
|---|---|---|---|---|
| গেলিয়া | গেলিয়া | জয়পুর | বৈশাখের ২০ মধ্যে | দুদিন মেলা |
| তাজপুর | দেশড়া কোয়াল পাড়া | কোতুলপুর | ১২/১২ বৈশাখ | দুদিন মেলা |
| কারকবেড়িয়া | লাউগ্রাম | কোতুলপুর | বৈশাখ/জ্যৈষ্ঠ এক বছর অন্তর | বড় মেলা |
| ছোটো পাগলা | লাউগ্রাম | কোতুলপুর | বৈশাখ সংক্রান্তি | ছোটো মেলা |
| ছত্র খণ্ড | দীঘল গ্রাম | ইন্দাস | বৈশাখের শেষ পাঁচদিন | |
| দয়ারামপুর | শাশপুর | ইন্দাস | বৈশাখ সংক্রান্তি | |
| আকুই | আকুই - ১ | ইন্দাস | বৈশাখের যেকোনো দিন | |
| পাত্রসায়ের | পাত্রসায়ের | পাত্রসায়ের | বুদ্ধ পুর্ণিমা | কালঞ্জয় জীউয়ের গাজন |
| বিউর | বিউর-বেতুর | পাত্রসায়ের | বুদ্ধ পুর্ণিমা | ছোটো মেলা |
| বেতুড় | বিউর-বেতুর | পাত্রসায়ের | ২২-২৯ বৈশাখ | ছোটো মেলা |
| ইছারিয়া | পাঁচাল | সোনামুখী | বুদ্ধ পুর্ণিমা | |
| পাথরা | কোচডিহি | সোনামুখী | বুদ্ধ পুর্ণিমা | |
| নিরীশা | খাঁড়ারি | বড়জোড়া | বুদ্ধ পুর্ণিমা | তিন দিন মেলা |
| ধগড়িয়া | নিকুঞ্জপুর | ওন্দা | অক্ষয় তৃতীয়া | |
| চিঙানি | চিঙানি | ওন্দা | অক্ষয় তৃতীয়া | |

## জ্যৈষ্ঠ মাস

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | সময় | বিশেষত্ব/মন্তব্য |
|---|---|---|---|---|
| দহলা | দহলা | খাতড়া | ১৩/১২ জ্যৈষ্ঠ | ক্রমহ্রাসমান |
| যশড়া | বৈদ্যনাথপুর | খাতড়া | জ্যৈষ্ঠ সংক্রান্তি | ছোটো মেলা |
| শিমলা | ধানাড়া | খাতড়া | ৪/৫ জ্যৈষ্ঠ | |
| শিসা | মেলাড়া | বারিকুল | ৫/৬ জ্যৈষ্ঠ | |
| বাঁশডিহা | রাওতাড়া | বারিকুল | ১৩/১৪ জ্যৈষ্ঠ | রহিন পরব |
| সিমলি | রাইপুর | রাইপুর | ৯ জ্যৈষ্ঠ | তিন দিন |
| সারেঙ্গা | সারেঙ্গা | সারেঙ্গা | ২৫বৈশাখ - ৬জ্যৈষ্ঠ | ১০ দিনের মেলা |
| গোহাল ডাঙা | গোয়ালবাড়ি | সারেঙ্গা | ২-৫ জ্যৈষ্ঠ | তিন দিনের মেলা |
| ভগড়া | বহড়ামুড়ি | হিড়বাঁধ | ১৩-১৪ জ্যৈষ্ঠ | রহিনী মেলা |
| কুসমা দিঘী | ময়নাপুর | জয়পুর | ২/৩ জ্যৈষ্ঠ | ছোটো মেলা |
| প্রসাদপুর | রাউৎখণ্ড | জয়পুর | জ্যৈষ্ঠের মাঝামাঝি | তিন দিন |
| জগন্নাথপুর | জগন্নাথপুর | জয়পুর | জ্যৈষ্ঠের যে কোনো দিন | তিন দিন |
| গেলিয়া | গেলিয়া | জয়পুর | জ্যৈষ্ঠের যে কোনো দিন | |
| ঝেইয়া | সলদা | জয়পুর | জ্যৈষ্ঠের যে কোনো দিন | দু দিন |
| দারাপুর চক্রবর্তী পাড়া | লেগো | কোতুলপুর | জ্যৈষ্ঠের যে কোনো দিন (এক বছর অন্তর) | দু দিন |
| রায়পুর সাঁইতারা | মির্জাপুর | কোতুলপুর | বৈশাখ-আষাঢ় | তিন দিন |

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | সময় | বিশেষত্ব/মন্তব্য |
|---|---|---|---|---|
| দীঘল গ্রাম | দীঘল গ্রাম | ইন্দাস | জ্যৈষ্ঠের মাঝামাঝি | একদিন |
| ইন্দাস | ইন্দাস - ১ | ইন্দাস | জ্যৈষ্ঠে মাসে | ছোটো খাটো মেলা |
| বগাজল | মঙ্গলপুর | ইন্দাস | জ্যৈষ্ঠ মাসে | একদিনের মেলা |
| কাকাটিয়া | বীরসিংহ | পাত্রসায়ের | জ্যৈষ্ঠ মাসে | ছোটো মেলা |
| ধানশিমলা | ধানশিমলা | সোনামুখি | জ্যৈষ্ঠের ১৮-২০ | |
| শীতলা | সাহার জোড়া | বড়জোড়া | জ্যৈষ্ঠ মাসে | |
| বড়জুড়ি | গোবিন্দধাম | গঙ্গাজলঘাটি | জ্যৈষ্ঠের প্রথম সপ্তাহের সোমবার | |
| নবগ্রাম | কাপিষ্টা | গঙ্গাজলঘাটি | জ্যৈষ্ঠ/আষাঢ় | তিন দিন |
| | | **আষাঢ় মাস** | | |
| বাঁকগহ | বাঁকাদহ | বিষ্ণুপুর | ১লা আষাঢ় | |
| নাড্ডুয়ালা | ধানসিমলা | সোনামুখী | আষাঢ় ১১-১২ | ছোটো মেলা |

**রহিন পরব ঃ** শিবগাজনের সময়সীমার মধ্যে জ্যৈষ্ঠ মাসের ১৩তারিখ রহিন পরব। এদিন চাষের জমি থেকে মাটির ঢেলা এনে পুজো করা হয়। বাড়ির চারদিকে গোবর জল দিয়ে গোল করে ছড়া দেয়। শিব ঠাকুরের মাথায় জল ঢালে। বারিকুল থানা বাঁশডিহা এবং হীড়বাঁধ থানার ভগড়া গ্রামে রহিন পরব উপলক্ষ্যে মেলা বসে।

**ভাদু পরব ঃ** বাঁকুড়া ও পুরুলিয়া জেলার প্রতিনিধিত্বমূলক পরব হল ভাদু ও তুসু পরব। ভাদু হল বাঁকুড়া-পুরুলিয়ার গ্রামের লৌকিক দেবী। ভাদ্র মাস জুড়ে হয় ভাদু পুজা। পুজার কোন পুরোহিত নেই, মন্ত্র নেই, মন্ত্র মানে গান। গানে উঠে আসে দুঃখ-দীর্ণ জীবনের বেদনা, বাস্তব জীবনের সমস্যার বারমাস্যা। পয়লা ভাদ্র ভাদুর আগমনী। ভাদ্র সংক্রান্তির আগেরদিন রাতে জাগরণ। ভাদু প্রধানত মেয়েদের ও মায়েদের উৎসব। সারারাত ধরে চলে তাদের ভাদু গান গাওয়া। সংক্রান্তির দিন নদী বা স্থানীয় পুকুরে ভাদু বিসর্জন, চোখের জলে বিদায়। ভাদুকে নিয়ে দুটি লোককাহিনি শোনা যায়। দুটি গল্পের সঙ্গে পুরুলিয়ার কাশীপুর রাজবংশ জড়িত। কাশীপুর রাজকন্যা ভদ্রেশ্বরী বা ভদ্রাবতী তথা ভাদু এক রাজপুত্রের মৃত্যু হলে ভাদুও সমগামিনী হন অর্থাৎ প্রাণ ত্যাগ করেন। অন্য গল্পে ভাদু এক নিম্নবর্গের যুবককে ভালোবেসে ছিলেন। মিলন অসম্ভব জেনে আত্মহত্যা করেন। ভাদুর সঙ্গে বাউরি জাতির প্রাণের যোগ দেখা যায়। আর বাঁকুড়া হল বাউরিদের দেশ। তাই ভাদু পরব প্রায় জেলা জুড়ে। সিমলাপাল থানার ভালাইডিহা গ্রামে শিলাবতী নদীর তীরে ভাদু ভাসানের সময় ভালো জমায়েত হয়। জেলা জুড়ে ভাদু পরব হলেও কোথাও এই উপলক্ষে মেলা বসতে দেখা যায় না।

**টুসু পরব ঃ** ভাদুর মত টুসুও একটি কৃষি পরব। ভাদু মেলা বর্তমানে বাঁকুড়াতে দেখা না গেলেও টুসুমেলা অসংখ্য দেখা যায়। টুসু বা তুষু জঙ্গলমহলের মানুষদের লৌকিক দেবী, যা কিনা ঘরের মেয়ে। তুষু শব্দের উৎপত্তি নিয়ে নানা মত আছে। সহজবোধ্য মত হল ধানের তুষ থেকে তুষু। মকর পরবের আগে প্রতি ঘরে মেয়েরা ঢেঁকিতে ধান কুটতো। তখন দেবশিল্পী বিশ্বকর্মা বাংলার মেয়েদের ওপর সদয় হননি। মেয়েরা ঢেঁকির শব্দের সঙ্গে মিলিয়ে দিল গলার সুর। টুসু পরবের মূল আকর্ষণ হল গান। গানগুলির মধ্যে দিয়ে প্রকাশ পায় মেয়েদের লোকায়ত চিন্তাভাবনা প্রথম ধান ভাঙার পর তুষ মাটির সরায় সুন্দর করে

সাজানো হয়। একে বলে তুষ খলা। তুষ খলাকে ঘিরে বসে গানের আসর। গোটা পৌষ মাস ধরে টুসু ব্রত পালন। কোথাও কোথাও টুসু পুতুল ও টুসু চৌডল কেনা হয়। প্রতি সন্ধ্যায় হয় টুসু গান। সংক্রান্তির আগের দিন রাত জেগে টুসু গান গাওয়া হয়। সংক্রান্তির দিন টুসুর চৌডল ভাসানো। ভাসানোর আগে চৌডল নিয়ে নাচ। সবমলিয়ে বর্ণময় উৎসব। ভাদু যদি বর্ষার উৎসব হয় তবে তুষু বা টুসু হল শস্যের উৎসব। জমির ফসল ঘরে উঠে গেলে বাংলার ঘরে ঘরে খুশির পরিবেশ। তার প্রতিফলন জঙ্গল মহলে মকর পরব। পৌষ সংক্রান্তি অর্থাৎ মকর সংক্রান্তি থেকে শুরু তারপর মাঘ মাস জুড়ে বাঁকুড়া জেলার নানা স্থানে মকর মেলা বা টুসু মেলা। টুসু ভাসানোর স্থলে বা টুসু জড়ো হওয়ার স্থলে বসে যায় মেলা। সবচেয়ে বড় উৎসব খাতড়া থানার পরকুলে। এইসব মেলার অন্যতম প্রধান আকর্ষণ জঙ্গল মহলের মোরগ লড়াই। **বাঁকুড়া জেলার টুসু মেলাগুলির একটি তালিকা দেওয়া হল**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| পরকুল | দহলা | খাতড়া | পৌষ সংক্রান্তি | পরকুল মেলা |
| বনতিল্লা | খাতড়া - ২ | খাতড়া | ৪ঠা মাঘ | টুসু প্রতিযোগিতা |
| পরেশনাথ | পুড্ডি | রানীবাঁধ | পৌষ সংক্রান্তি | পরেশনাথের মেলা |
| কতরো | রানীবাঁধ | রানীবাঁধ | পৌষ সংক্রান্তি | |
| শ্যামাডি | রাওতাড়া | বারিকুল | ২রা মাঘ | |
| সাতনালা | বারিকুল | বারিকুল | পৌষ সংক্রান্তি | |
| পড়াডি | রাওতাড়া | বারিকুল | পয়লা মাঘ | টুসু প্রতিযোগিতা |
| মাজগেড়িয়া | রাওতাড়া | বারিকুল | ৪/৫ মাঘ | সাঁওতালি যাত্রা |
| মাইলিডাঙা | রায়পুর | রায়পুর | পয়লা মাঘ | মা চন্দ্রাসিনি পূজা |
| যাঁতাডুমুর | বারিকুল | বারিকুল | মকল সংক্রান্তি | |
| পালি | শ্যামসুন্দরপুর | বারিকুল | মকর সংক্রান্তি | |
| খড়িবেড়িয়া | শ্যামসুন্দরপুর | বারিকুল | ২রা মাঘ | |

**মকর পরব ঃ** মকরের সময় টুসু পরব প্রধানত দেখা যায় বাঁকুড়া জেলার পুরুলিয়া ও ঝাড়গ্রাম সীমান্তবর্তী জঙ্গমহলের থানাগুলিতে। বাংলার সনাতনী ফসল ধান খেত থেকে গোলায় চলে আসার আনন্দে মাতোয়ারা বাঙালি বুজিয়ে দেয় মকর উৎসব সর্ব প্রধান কৃষি উৎসব। অবশ্য শুধু বাংলার নয় সারা ভারতে মকর পরব পরিলক্ষিত হয়। সাধারণত পৌষ সংক্রান্তিতে শুরু হয় এই উৎসব, চলে সারা মাঘ মাস জুড়ে। পয়লা মাঘ এখ্যান পরব। সেদিনও মকর সংক্রান্তি অর্থাৎ পৌষ সংক্রান্তির মতো সর্বজনীন উৎসবের দিন। এই দিন দুটিতে বাড়িতে তৈরি পিঠে পুলি খাওয়ার ধুম। মকর সংক্রান্তির দিন সগর রাজার ষাট হাজার পুত্র গঙ্গার জলে প্রাণ ফিরে পেয়েছিলেন। এজন্য এই দুদিন বিভিন্ন স্থানে গঙ্গা পূজা করা হয়। তারপর বসে গঙ্গা মেলা। সিমলাপালের গঙ্গা মেলা খুব বিখ্যাত। এই সময়ে বিভিন্ন লৌকিক দেবদেবীর পূজা হয়। যেমন ভৈরব ও বিভিন্ন সিনি দেবী। এই উপলক্ষে বিভিন্ন জায়গায় অনুষ্ঠিত হয় মেলা। পৌষ সংক্রান্তিতে মেলাগুলি বাঁকুড়া জেলায় বিভিন্ন সিনি দেবী। এই উপলক্ষে বিভিন্ন জায়গায় অনুষ্ঠিত হয় মেলা। পৌষ সংক্রান্তিতে মেলাগুলি বাঁকুড়া জেলায় মাকড়া মেলা বলেও পরিচিত। যেমন হীড়বাঁধ থানার দেউলি গ্রামে মাকড়া মেলা খুব বিখ্যাত। দেউলিতে পৌষ সংক্রান্তির দিন মাথায় চৌডল নিয়ে টুসু নাচের দল আসে। এখানে ছেলেরাই মেয়ে সেজে টুসু নৃত্য করে। এই সময়ের মেলাগুলিতে

গিয়ে মুড়ি খাওয়ার এক সংস্কার দেখা যায়। অনেক জায়গায় এরকম আয়োজনকে মুড়ি ভিজা পার্বন বলে। যেমন বাঁকুড়া থানার কেঞ্জাকুড়াতে চৌঠা মাঘ বসে এই মুড়ি মেলা। এদিন হয় লৌকিক দেবী সঞ্জিবনী মাতার পূজা। আর সবাই সকালে দ্বারকেশ্বর নদীর ধারে চরে বসে মুড়ি খায়। মুড়ি ভিজিয়ে নেয় দ্বারকেশ্বরের জলে। দ্বারকেশ্বরের বালি খুঁড়ে বার করে সেই জল। মাঘের শীতের সকালে সে এক দারুন পরিবেশ। সেইসঙ্গে মেলার আনন্দতো আছেই।

**মকর মেলা (পৌষ মাস)**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| তিলাবনী | হিড়বাঁধ | হিড়বাঁধ | ১৫ পৌষ | মোরগ লড়াই |
| গোবরদা | হিড়বাঁধ | হিড়বাঁধ | পৌষ সংক্রান্তির আগের দিন | মোরগ লড়াই |
| আসনবমী | ফুলমতি | তালডাংরা | ৭ পৌষ | মোরগ লড়াই |
| রোল | রোল | ইন্দাস | ২০-২৮ পৌষ | মিলনমেলা আট দিন |
| অহন্দা | হাটগ্রাম | ইন্দপুর | | মোরগ লড়াই |
| দেউলি | মলিয়ান | হিড়বাঁধ | | মাকড়া মেলা, ৫ দিন টুসু মেলা |
| বহড়ামুড়ি | বহড়ামুড়ি | হিড়বাঁধ | | গঙ্গা মেলা, ৭দিন |
| চাকা | ধানাড়া | খাঁতড়া | | টুসু ভাসানো/ সংকীর্তন |
| ভুত শহর | মণ্ডলগ্রাম | সিমলাপাল | | |
| উন্ডিশোল | মণ্ডলগ্রাম | সিমলাপাল | | বড় মায়ের ভোগ তিন দিন |
| শুশুনিয়া | মাচাতোড়া | সিমলাপাল | | মোরগ লড়াই |
| ধুয়াপাড়া | আমডাংরা | তালডাংরা | | গঙ্গা মেলা |
| বাঁশকোপা | পাঁচমুড়া | তালডাংরা | | গঙ্গা মেলা, সংকীর্তন |
| খিচ্‌কা | হাড়মাসড়া | তালডাংরা | | বেড়সিনি পূজা |
| শিবডাঙা | তালডাংরা | তালডাংরা | | মোরগ লড়াই |
| ডিহর | উলিয়ারা | বিষ্ণুপুর | | ষাঁড়েশ্বর মন্দির |
| বেনেবাঁন্ধী | বেলশুলিয়া | বিষ্ণুপুর | | |
| মড়ার | মড়ার | বিষ্ণুপুর | | চাপাই সিনি পূজা |
| বাগাজোল | সলদা | জয়পুর | | বারোভুঁইঞার মেলা |
| জয়পুর সমুদ্র | সলদা | জয়পুর | | টুসু ভাসানো |
| নাপুকুর | মদনমোহন | কোতুলপুর | | সামরোঘাট মেলা |
| কারকবেড়িয়া | লাউগ্রাম | কোতুলপুর | | ক্ষেত্রপাল |
| ইন্দাস | ইন্দাস - ১ | ইন্দাস | | বাঁকুড়া রায়ের কুর্চি |
| বাগালপুর | দীঘলগ্রাম | ইন্দাস | | ৪দিন |
| সোমসার | রোল | ইন্দাস | | মুড়ি মেলা |
| বাঙাল চক | আমরুল | ইন্দাস | | মুড়ি মেলা, তিন দিন |
| চরগোবিন্দপুর | নারায়নপুর | পাত্রসায়ের | | শঙ্খসাধুর মেলা ৬দিন |
| পদুয়া | বীরসিংহপুর | পাত্রসায়ের | | ৫দিন |
| বেলোয়া | রাধামোহনপুর | সোনামুখী | | |
| লাগারডাঙা | হামিরহাটি | সোনামুখী | | |
| সিমলা | পিয়ারবেড়া | সোনামুখী | | সন্ন্যাসী মেলা ৪দিন |

| | | | | |
|---|---|---|---|---|
| ছাতার কানালী | বামুনতোড় | শালতোড়া | | দামোদরের তীরে |
| জয়সিংহপুর | বড়জোড়া | বড়জোড়া | | ৪দিন, কৃষি মেলা |
| পিড়রুই | মালিয়াড়া | বড়জোড়া | | ৫দিন |
| প্রতাপপুর | ঘুটগড়িয়া | বড়জোড়া | | মুড়ি মেলা |
| জামশোল | লছমনপুর | গঙ্গাজলঘাটি | | চন্ডী মেলা |
| সারামা | বানজোড়া | মেজিয়া | | ৩দিন মেলা |
| কাঁটাবনী | পিড়রাবনী | বেলিয়াতোড় | | গঙ্গা মেলা |
| বৃন্দাবনপুর | বৃন্দাবনপুর | বেরিয়াতোড় | | ৫দিন শিব পুজা |
| বারবাকাড়া | ছাতনা - ১ | ছাতনা | | পুন্য স্নান |
| দামাসিনী | ওন্দা - ২ | ওন্দা | | লাঠি খেলা |

**মকর মেলা (পয়লা মাঘ)**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| বারবেন্দ্যা | ইন্দপুর | ইন্দপুর | | মাচণ্ডী মেলা |
| ভেদুয়া | দহলা | খাতড়া | | টুসু নাচ |
| ধডাঙা | হলুদকানালি | রানিবাঁধ | | পার্বতী পূজা |
| ভুড়কুড়া | রানিবাঁধ | রানিবাঁধ | | পাহাড় সিনি মেলা |
| পার্শ্বলা | পার্শ্বলা | সিমলাপাল | | আগুন সন্ন্যাসী |
| দোলদেড়িয়া | লক্ষ্মীসাগর | সিমলাপাল | | গঙ্গা মেলা |
| আনন্দপুর | বিক্রমপুর | সিমলাপাল | | গঙ্গা মেলা |
| পুখুরিয়া | বিক্রমপুর | সিমলাপাল | | মুড়ি মেলা |
| বারমেস্যা | তালডাংরা | তালডাংরা | | মনসা পূজা |
| মেদিনী | বিবড়দা | তালডাংরা | | মকর মেলা |
| নাড়িচা | কুশদ্বীপ | পাত্রসায়ের | | সর্বমঙ্গলা মেলা |
| পাটদোহা | কানুড়ি | শালতোড়া | | তিনদিন সংকীর্তন |
| বারালী | গঙ্গাজলঘাটী | গঙ্গাজলঘাটী | | তিন দিন বারাহী দেবীর পূজা |
| এনায়েতপুর | খাঁড়ারি | বজজোড়া | | ধর্মরাজ পূজা |
| মালডাংরা | শালডিহা | ছাতনা | | মা চণ্ডী মেলা |

**মকর মেলা (মাঘ মাস)**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| হাতিবাড়ি | দুবরাজপুর | সিমলাপাল | ৩রা মাঘ | বলদাবুড়ি পূজা |
| শুশুনিয়া | হাড়মাসড়া | তালডাংরা | ১৩ই মাঘ | মকর মেলা |
| তালডাংরা | তালডাংরা | তালডাংরা | ৪ঠা মাঘ | মকর মেলা |
| সিদাবাইদ | ফুলমতি | তালডাংরা | ৮ই মাঘ | মকর মেলা |
| নুতনগড়া | বিবড়দা | তালডাংরা | ২১শে মাঘ | মকর মেলা |
| লালডিহি | হাড়মাসড়া | তালডাংরা | ৩-৫ই মাঘ | মকর মেলা |
| নাচনা | বিবড়দা | তালডাংরা | ২রা মাঘ | মকর মেলা |
| বালিঠ্যা | লেগো | কোতুলপুর | ২-৪মাঘ | বড় মায়ের ভোগে মেলা |
| ডান্না | বিউড়-বেতুড় | পাত্রসায়ের | ১১-১৮মাঘ | বসন্ত চণ্ডী মেলা |
| পাটীত | বিউড়-বেতুড় | পাত্রসায়ের | ৭ মাঘ | ৫দিন |
| পদুয়া | বীরসিংহপুর | পাত্রসায়ের | ২মাঘ | ৫দিন |
| মহেশপুর | রাধামোহনপুর | সোনামুখী | ২মাঘ | নফর দাসের মেলা |
| ধানশিমলা | ধানশিমলা | সোনামুখী | ২০মাঘ | ব্যাঘ্ররায়ের মেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| ঝমকা | দুবরাজপুর | সিমলাপাল | ৫ মাঘ | দুদিন ছোটো মেলা |
| আমলাবাদ | কোস্টিয়া | বেলিয়াতোড় | মাঘী পূর্ণিমা | মহোৎসব |
| বড়কূর্পা | রতনপুর | ওন্দা | ২রা মাঘ | বনদেবতার পূজা |
| কোচখালুই | লোদনা | ওন্দা | মাঘ সংক্রান্তি | নাগরদোলা মেলা |
| কৃষ্ণনগর | মেদিনীপুর | ওন্দা | ১৩ মাঘ | নাগরদোলা মেলা |
| আগরদা | কাঁটাবাড়ি | ওন্দা | ১৬মাঘ | |
| আড়াবনী | চিঙানী | ওন্দা | ১০মাঘ | নাগরদোলা মেলা |
| কেঞ্জাকুড়া | কেঞ্জাকুড়া | বাঁকুড়া | ৪মাঘ | মুড়িভিজা পার্বন |
| সোনাদহ | জুনবেদিয়া | বাঁকুড়া | মাঘী পূর্ণিমা | সোনাই সিনি পুজা |
| পাটদোহা | কানুড়ি | শালতোড়া | ১৬ই মাঘ | মহোৎসব |

**২. ধর্মীয় মেলা ঃ** ধর্মায় মেলা বলতে দেবতাদের পূজা উললক্ষ্যে যে মেলাগুলি হয় সেগুলি বোঝানো হয়েছে।

**ধর্মরাজ ঃ** ধর্মরাজ সবচেয়ে জনপ্রিয় লৌকিক দেবতা। তার গাজনকে কৃষিভিত্তিক ধরলেও ধর্মরাজের আরাধনার প্রধান উদ্দেশ্য ছিল কুষ্ঠ রোগ ও চোখের রোগ নিরাময় এবং সন্তানাদি আকাঙ্খার জন্য। বাঁকুড়ায় ধর্মরাজের পূজা ও গাজন উপলক্ষ্যে অসংখ্য মেলা হয় যেগুলি আমাদের গোচরে এসেছে সেগুলি উল্লেখ করা হল।

**ধর্মরাজের পূজা উপলক্ষে মেলা**

| **গ্রাম** | **গ্রাম পঞ্চায়েত** | **থানা** | **তারিখ** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| ইন্দাস | ইন্দাস - ১ | ইন্দাস | পৌষ সক্রান্তি | বাঁকুড়া রায়ের কুর্চি মেলা |
| তালসাগরা | জামকুড়ি | পাত্রসায়ের | ৫ই ফাল্গুন | সংকীর্তন ৫দিনের মেলা |
| পানুয়া | লেগো | কোতুলপুর | রাস পূর্ণিমা | যাত্রা সিদ্ধির বাস |
| এনায়েৎপুর | খাঁড়ারি | বড়জোড়া | পয়লা মাঘ | ঘট পূজা |
| মটগোদা | মটগোদা | রাইপুর | মাঘ মাসের শেষ শনিবার | শনি মেলা |
| ময়নাপুর | ময়নাপুর | জয়পুর | বারুনিতিথি | হাকন্দ মেলা |
| ছোটো পাগলা | লাউগ্রাম | কোতুলপুর | বৈশাখ সংক্রান্তি | ক্ষেত্রপালের মেলা |
| বেহার | মঙ্গলপুর | ইন্দাস | অক্ষয় তৃতীয়া | তিন দিন |
| পারুলিয়া | হামিরপুর | পাত্রসায়র | ২০ জ্যৈষ্ঠ | |
| রামপুর | হামিরহাটি | সোনামুখী | বৈশাখের যেকোনো দিন | |
| মসিনাপুর | সিহড় | কোতুলপুর | জ্যৈষ্ঠ মাসের যেকোনো দিন | ছোটো মেলা |
| বাঁশী | হেতিয়া | জয়পুর | বুদ্ধ পূর্ণিমা | কৌতুক নারায়ণের গাজন |
| মাজডিহা | মাজডিহা | ওন্দা | আষাঢ় পঞ্চমী | বল্লকেশ্বরের গাজন |
| বেলিয়াতোড় | বেলিয়াতোড় | বেলিয়াতোড় | আষাঢ় পূর্ণিমা | |
| বৃন্দাবনপুর | বৃন্দাবনপুর | বেলিয়াতোড় | বুদ্ধ পূর্ণিমা | ছোটো মেলা |
| কাপিষ্ঠা | কাপিষ্ঠা | গঙ্গাজলঘাটি | জ্যৈষ্ঠ মাসের প্রথম দিন | ছোটো মেলা |
| বাকুলিয়া | সালমা | শালতোড়া | বুদ্ধ পূর্ণিমা | ছোটো মেলা |
| দুর্লভপুর | সালমা | শালতোড়া | বুদ্ধ পূর্ণিমা | ছোটো মেলা |
| জেমুয়া | মেজিয়া | মেজিয়া | বুদ্ধ পূর্ণিমা | |

| | | | | |
|---|---|---|---|---|
| কানসাড়া | কুস্তোর | মেজিয়া | বুদ্ধ পূর্ণিমা | |
| গোপালগঞ্জ | মেজিয়া | মেজিয়া | বুদ্ধ পূর্ণিমা | চার দিন |
| দীঘলগ্রাম | বানজোড়া | মেজিয়া | বুদ্ধ পূর্ণিমা | দুদিন ছোটো মেলা |
| অর্ধগ্রাম | অর্ধগ্রাম | মেজিয়া | বুদ্ধ পূর্ণিমা | পাঁচদিন মেলা |
| ডাংমেজিয়া | মেজিয়া | মেজিয়া | বুদ্ধ পূর্ণিমা | |
| ভেলাড়া | ফুলমতী | তালডাংরা | অম্বুবাচীর পর সপ্তমী তিথি | ছোটো মেলা |
| ভারা | অর্ধগ্রাম | মেজিয়া | বুদ্ধ পূর্ণিমা | চারদিন |

গাজন শুধু ধর্মরাজ বা শিবঠাকুরের হয় না। অন্যান্য দেবদেবীর ও গাজন হয়। সেই উপলক্ষে মেলাও বসে।এরকম কয়েকটি মেলার উল্লেখ করা হল।

**চণ্ডী ঃ** বঙ্গদেশের বিভিন্ন প্রান্তে ভিন্ন ভিন্ন নামে লৌকিক দেবী চণ্ডীর পূজা হয়। যেমন ঢেলাইচণ্ডী, মেলাইচণ্ডী, ওলাইচণ্ডী, শিবাইচণ্ডী, বসন্তচণ্ডী, মঙ্গলচণ্ডী ইত্যাদি। বাঁকুড়া জেলাতেও চণ্ডী থান ও মন্দিরের অভাব নেই। সেখানে বার্ষিক গাজন ও বার্ষিক পূজা হয়। সেই সময় কোথাও কোথাও মেলা বসে।

চণ্ডী গাজন

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| মালিয়াড়া | মালিয়াড়া | বড়জোড়া | জ্যৈষ্ঠ পূর্ণিমা | দুটি গাজন, ব্যানার্জী পাড়ায় মেলা |

চণ্ডী পূজা

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| বাগালপুর | দীঘলপুর | ইন্দাস | জ্যৈষ্ঠমাসের দ্বিতীয় মঙ্গলবার | তিন দিন |
| পেঁচাশিমূল | ঝুঞ্ঝকা | ছাতনা | ৭ই বৈশাখ | |
| বারবেন্দ্যা | রঘুনাথপুর | ইন্দপুর | পয়লা মাঘ | মকর মেলা |
| দুর্লভপুর | সালমা | শালতোড়া | চৈত্র মাসের যেকোন মঙ্গলবার | চার দিন |

**ভগবতী ঃ** পুরাণে মহিষমর্দিনী দুর্গার এক নাম ভগবতী। গ্রামবাংলার গোমাতার অপর নাম ভগবতী। বাঙালিরা কথায় কথায় বলে গরু অবলা  গরু ভগবতী। কোথাও কোথাও ভগবতীর পূজা মানে গোয়াল পূজা। গোসম্পদ বৃদ্ধি ও মঙ্গল কামনায় ভগবতী পূজার প্রধান উদ্দেশ্য বলে মনে করা হয়। বাঁকুড়া জেলার কয়েকটি ভগবতী গাজন ও ভগবতী পূজার তালিকা দেওয়া হল যেখানে মেলা হয়।

ভগবতী গাজন

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| শালখাড়া | বেলুট রসুলপুর | পাত্রসায়র | চৈত্র মাসের শুক্লা নবমী | আট দিন |
| কাঁটাবন | পাত্রসায়ের | পাত্রসায়ের | রামনবমী | চার দিন |

ভগবতী পূজা

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| শ্রীরামপুর | বড়শাল | গঙ্গাজলঘাটি | তালনবমী | |

| | | | | |
|---|---|---|---|---|
| আদুরী | গোগড়া | শালতোড়া | রাধাষ্টমী | চার দিন |
| সাতদেউলি | সালমা | শালতোড়া | রাধাষ্টমী | |

**ভৈরব ঃ** ভৈরব শব্দের অর্থ ভীষন। অনেক জায়গায় ভৈরবকে শিবের আকৃতি রূপে পূজা করে। রাঢ়বঙ্গে (বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর) ভৈরব লৌকিক দেবতা। বাঁকুড়ায় ভৈরব রাজের বিগ্রহ বেশিরভাগ ক্ষেত্রে পোড়ামাটির হাতি ঘোড়া। সারা বাঁকুড়াতে অসংখ্য ভৈরব থান আছে। কোথাও গাজন, কোথাও পূজা হয়। কোথাও অন্যান্য লৌকিক দেবতাদের পূজার সময় পূজা পায়। যেখানে মেলা হয়।

**ভৈরব গাজন**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| বড়কুড়া | বৃন্দাবনপুর | বেলিয়াতোড় | দোল পূর্ণিমা | তিন দিন |
| সোনাদ্বীপা | নবাসন | সোনামুখী | ৮ই বৈশাখ | ২-৩ দিন |
| গদারডিহি | গদারডিহি | বেলিয়াতোড় | বুদ্ধ পূর্ণিমা | ৬দিন ছোটো মেলা |

**ভৈরব পূজা**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| কাটুল | শ্যামনগর | জয়পুর | পয়লা মাঘ | বাবা ভৈরবের দশহরা |
| খাঁটা | গোবিন্দধাম | গঙ্গাজলঘাটি | পয়লা মাঘ | মাঘী পূর্ণিমা |

**মনসা মেলা ঃ** বাঁকুড়া জেলার সবচেয়ে জনপ্রিয় লৌকিক দেবী। তবে মনসাকে লৌকিকতায় সীমাবদ্ধ রাখা যাবে না। পুরাণেও মনসার বিরণ আছে। বলা হয় রাঢ়বঙ্গে দশহরা তিথিতে মনসাপূজা শুরু হয় চলে ডাক সংক্রান্তি অর্থাৎ আশ্বিন সংক্রান্তি পর্যন্ত। তবে তথ্য যথার্থ নয়। মাঘ মাসেও অনেকগুলি মনসা পূজা হতে দেখা যায়। দশহরা তিথি হল জ্যৈষ্ঠ মাসের শুক্লা দশমী তিথি।

**মনসা পূজার মেলা**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| রাউৎখণ্ড | রাউৎখণ্ড | জয়পুর | দশহরা | জগৎগৌরী পুজা |
| অযোধ্যা | বিষ্ণুপুর | বিষ্ণুপুর | দশহরা | সাতদিনের মেলা |
| অমরপুর | চিঙানী | ওন্দা | দশহরা | মাঝারি মাপের মেলা |
| দুবরাজপুর | দুবরাজপুর | সিমলাপাল | শ্রাবণ সংক্রান্তি | কিছু দোকানপাট |
| পাত্রবাখরা | অযোধ্যা | বিষ্ণুপুর | শ্রাবণের শেষ মঙ্গলবার | দুদিন মেলা |
| ছত্রআড়া | গেলিয়া | জয়পুর | উল্টোরথ | |
| দেবগ্রাম | বিক্রমপুর | সারেঙ্গা | শ্রাবণ সংক্রান্তি | ছোটো মেলা |
| বেতালন | মঙ্গলপুর | ইন্দাস | আষাঢ় কৃষ্ণ পঞ্চমী | দুদিন মেলা |
| রামসাগর | রামসাগর | ওন্দা | আষাঢ় কৃষ্ণ পঞ্চমী | সাত দিন |
| অভিরামপুর | ময়নাপুর | জয়পুর | আষাঢ় শুক্ল পঞ্চমী | ছোটো মেলা |
| মাজডিহা | মাজডিহা | ওন্দা | আষাঢ় কৃষ্ণ পঞ্চমী | তিন দিন মেলা |
| লেদাসন | কল্যাণী | ওন্দা | শ্রাবণ সংক্রান্তি | পয়লা ভাদ্র মেলা |
| নামোতেলিগাড়া | বাঁকুড়া শহর | বাঁকুড়া | শ্রাবণ সংক্রান্তি | |
| শিখরিয়া | বাঁকুড়া শহর | বাঁকুড়া | শ্রাবণ সংক্রান্তি | |
| মাজুরিয়া | বাঁকাদহ | বিষ্ণুপুর | ভাদ্রের মাঝামাঝি শনি মঙ্গলবার | |

| | | | | |
|---|---|---|---|---|
| বিকনা | বিকনা | বাঁকুড়া | ভাদ্র সংক্রান্তি | |
| জেনাডিহি | লছমনপুর | গঙ্গাজলঘাটি | ভাদ্র সংক্রান্তি | ছোটো মেলা |
| খেজুরবেদ্যা | মানকানালী | বাঁকুড়া | ভাদ্র সংক্রান্তি | |
| লক্ষ্মণবাদি | অর্ধগ্রাম | মেজিয়া | ভাদ্র সংক্রান্তি | ১/২ আশ্বিন মেলা |
| রুইশহর | রাউৎখণ্ড | জয়পুর | ভাদ্রের শেষ শনিবার | ছোটো মেলা |
| উপরবাঁধা | নড়রা | বাঁকুড়া | ৩/৪ আশ্বিন | চারদিন মেলা |
| পাইকা | খালগ্রাম | তালডাংরা | আশ্বিন সংক্রান্তি | বড় উৎসব |
| দাপানজুড়ি | ভড়া | বিষ্ণুপুর | আশ্বিন সংক্রান্তি | দুদিন মাঝারি মেলা |
| লাগারবেড়া | চূড়ামণিপুর | ওন্দা | আশ্বিন সংক্রান্তি | ছোটো মেলা |

**সিনি পূজার মেলা ঃ** বাঁকুড়া জেলাতে অন্যান্য লৌকিক দেবতাদের মধ্যে সিনি দেবতা খুব জনপ্রিয়। বাঁকুড়া জেলার লোকসংস্কৃতি বিশেষজ্ঞ মিহির চৌধুরী কামিল্যা ক্ষেত্রসমীক্ষা করে ৯৬টি সিনি দেবতার নাম পেয়েছিলেন। লোকসংস্কৃতি গবেষক মানিকলাল সিংহের মতে, আদিবাসী শব্দ সুনিয়া থেকে সিনি শব্দটি এসেছে। সুনিয়া শব্দের অর্থ আদি। আদি অর্থে জননী বোঝাতে পারে। সিনি পূজা বেশিরভাগ ক্ষেত্রে হয় পৌষ সংক্রান্তি বা পয়লা মাঘে। এজন্য অনেকগুলি সিনি মেলা মকর পরবে উল্লেখ করা হয়ে গেছে। পূজা উপলক্ষে যেখানে মেলা বসে সেগুলি হল -

**সিনি পূজার মেলা**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ভুড়কুড়া | রাজাকাটা | রানীবাঁধ | পয়লা মাঘ | বামনিসিনি পূজা |
| নুতনগড় | রাইপুর | রাইপুর | ২রা মাঘ | চন্দ্র সিনি |
| পার্শ্বলা | পার্শ্বলা | সিমলাপাল | পয়লা মাঘ | সিমন সিনি |
| ঝমকা | দুবরাজপুর | সিমলাপাল | ৫ই মাঘ | ঝমকা সিনি |
| খিচ্‌কা | হাড়মাসড়া | তালডাংরা | মকর সংক্রান্তি | বেড় সিনি |
| বনকাটা | পুরন্দরপুর | বাঁকুড়া | ১৬ই কার্তিক | ছেকো সিনি |
| পাথরি | মণ্ডলগ্রাম | সিমলাপাল | মাঘ শুক্লা সপ্তমী | পাথারি সিনি |
| সোনাদহ | জুনবেদিয়া | বাঁকুড়া | মাঘী পূর্ণিমা | সোনাই সিনি |
| ছান্দার | ছান্দার | বেলিয়াতোড় | দোল পূর্ণিমা | জঙ্গল সিনি |
| পদুয়া | বীরসিংহ | পাত্রাসায়ের | ২রা মাঘ | আমাই সিনি |
| আলুনিয়া | পাবড়া | শাতভোড়া | ২২ চৈত্র | কেন্দাই সিনি |

**শিব মেলা ঃ** শিব যেমন গ্রাম বাংলার লৌকিক কৃষক দেবতা, তেমনি পৌরাণিক দেবতাও বটে। তাই পার্বন মেলায় শিবগাজনের কথা বললেও শিব পূজার কথা আলাদা করে বলতে হবে। যেগুলিতে বছরের বিভিন্ন সময়ে শিব ঠাকুরের পূজা করা হয়। তাতে মেলাও বসে। ফাল্গুন মাসে শিব চতুর্দশীতে শিবরাত্রি অন্যতম জনিপ্রয় শিব পূজার দিন। কয়েকটি শিব পূজা গাজন নামেও পরিচিত। তার মধ্যে ঝাঁটিপাহাড়ির হুচুক গাজন বা শ্রীনাথের গাজন গোটা রাঢ়বঙ্গে জনপ্রিয়।

**শিব মেলা**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| মুর্গাবনী | আড়রা | ছাতনা | ১লা আষাঢ় | দ্বারিকাগাজন |
| ঝাঁটিপাহাড়ি | আড়রা | ছাতনা | ২৬ জ্যৈষ্ঠ | হুচুক গাজন |
| উরিয়ামা | কেঞ্জাকুড়া | বাঁকুড়া | ১১ই বৈশাখ | হুচুক গাজন |

| | | | | |
|---|---|---|---|---|
| উপরবাঁধা | নড়রা | বাঁকুড়া | ১৬ই চৈত্র | গাজন ৪দিন |
| ধরমপুর | ইন্দপুর | ইন্দপুর | চৈত্র সংক্রান্তি | |
| ডুমুনিয়া | ধানাড়া | খাতড়া | শিবরাত্রি | |
| বেনা | ধানাড়া | খাতড়া | ৪/৫ জ্যৈষ্ঠ | |
| ডাঙ্গরদা | বারিকুল | বারিকুল | শিবরাত্রি | মোরগ লড়াই |
| গুনপুয়া | রাওতাড়া | বারিকুল | ১৫/১৬ বৈশাখ | |
| কদমাগড় | সোনাগড়া | রাইপুর | ১৩বৈশাখ | |
| হামিরপুর | হামিরপুর | পাত্রসায়ের | শিবরাত্রি | |
| পতশপুর | জঙ্গল নারায়নপুর | পত্রসায়ের | শিবরাত্রি | |
| বৃন্দাবনপুর | বৃন্দাবনপুর | বেলিয়াতোড় | মকর সংক্রান্তি | |
| কেশিয়াড়া | গঙ্গাজলঘাটি | গঙ্গাজলঘাটি | চৈত্র সংক্রান্তি | |
| কোঁড় তপোবন | গঙ্গাজলঘাটি | গঙ্গাজলঘাটি | শিবরাত্রি | |
| ফুলহাম | গঙ্গাজলঘাটি | গঙ্গাজলঘাটি | চৈত্র সংক্রান্তি | |
| ডুলুই | অর্ধগ্রাম | মেজিয়া | শিবরাত্রি | মৃত্যুঞ্জয় মেলা |
| অনুরাগপুর | রামচন্দ্রপুর | মেজিয়া | ১৯-২১ ফাগুন | সংকীর্তন |
| মুরল | শালতোড়া | শাততোড়া | শিবরাত্রি | |
| বিহারীনাথ ধাম | বামুনতোড় | শালতোড়া | শিবরাত্রি | বিহারীনাথের মেলা |
| হুরোকবাঁধ | সালমা | শালতোড়া | শিবরাত্রি | |
| আতিকুড়িয়া | জামতড়া | ছাতনা | বৈশাখ | দুদিন |
| বনগ্রাম | শালডিহা | ছাতনা | ২১ জ্যৈষ্ঠ | দুদিন |
| মনিপুর | নিকুঞ্জপুর | ওন্দা | শিবরাত্রি | |
| সাহেবগঞ্জ | পুনিশোল | ওন্দা | | চৈত্রের মেলা |
| হরিহরপুর | সান্তোর | ওন্দা | ২/১ বৈশাখ | হরিহরনাথের মেলা |

**বৈষ্ণব মেলা ঃ** বৈষ্ণব কথাটির আভিধানিক অর্থ হল বিষ্ণু বিষয়ক বা বিষ্ণুর উপাসক। বঙ্গে বৈষ্ণব ধর্ম জনপ্রিয় করেন শ্রীশ্রীচৈতন্যদেব। যদিও চৈতন্য মহাপ্রভু আর্বিভাবের আগেও বাংলায় বৈষ্ণব ধর্মের প্রচলন ছিল। যেকোন ধর্ম আচরণের সমবেত বহিপ্রকাশ হল উৎসব। আমরা বৈষ্ণব উৎসবকে তিন ভাগে ভাগ করতে পারি। রাস, দোল ও সংকীর্তন বা মহোৎসব। এই তিনটি উৎসবে যেখানে মেলা বসে সেগুলোই আমরা উল্লেখ করবো। এখানে রথযাত্রা যদিও বিষ্ণু বিষয়ক কিন্তু গৌড়িয় বৈষ্ণব ধর্মপ্রচারের অনুসৃত নয়, বলে আমরা আলাদা করে বলব।

**রাস মেলা ঃ** রাস কথার আক্ষরিক অর্থ - কোলাহল ধ্বনি। বৃন্দাবনের গোপীদের ক্রীড়া বিশেষ। ভগবান কৃষ্ণ গোপীদের সঙ্গে যে ক্রীড়া করেছিলেন তাকে রাস বলে। কার্তিক পুর্ণিমা তিথি হল রাস পুর্ণিমা। এদিন নৃত্য গীত বাদ্যাদি সহযোগে নানারূপ উৎসব করতে হয়। একে বলে রাসযাত্রা। কোথাও কোথাও কার্তিক পূর্ণিমার পর পঞ্চমী তিথিতে রাস মেলা। যেখানে যেখানে রাস উপলক্ষে মেলা বসে সেগুলি হল -

**রাস মেলা**

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| শাসপুর | শাসপুর | ইন্দাস | | রাধা বাস ৫দিন |
| সুপুর | সলদা | জয়পুর | | তিন দিন |
| মৌকুড়া | নেতুরপুর | সারেঙ্গা | | তিন দিন |
| খড়িডুংরি | গোড়াবাড়ি | খাতড়া | | এক দিনের মেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| মানকানালী | নানকানালী | বাঁকুড়া | | তিন দিন |
| ঝিট্‌কা | ভক্তাবাঁধ | গঙ্গাজলঘাটি | | তিন দিন |
| আলিঝাড়া | জামতোড়া | ছাতনা | | চার দিন |
| ভাগাবাঁধ | লায়েকবাধ | বিষ্ণুপুর | পঞ্চম রাস | ছোটো মেলা |
| জগদল্লা | জগদল্লা - ১ | বাঁকুড়া | মাঘ পূর্ণিমা | তিন দিন |
| দলদলি | কল্যাণী | ওন্দা | মাঘ পূর্ণিমা | তিন দিন |
| সাকড়াকোন | আমডাংরা | তালডাংরা | মাঘ পূর্ণিমা | ১০ দিন |
| গোড়াশোল | নাকাইজুড়ি | ওন্দা | ১৯-২৩ অগ্রহায়ণ | ৫দিন |
| নারায়নপুর | উলিয়ারা | বিষ্ণুপুর | মাঘী পূর্ণিমা | তিন দিন |

**দোল মেলা ঃ** বৈষ্ণব ধর্মাবলম্বীরা সারাবছর শ্রীকৃষ্ণের লীলার সঙ্গে জড়িত নানা তিথিতে শ্রীকৃষ্ণের পূজন ও ভজন অর্থাৎ কীর্তন করেন। তার মধ্যে অন্যতম হলো ফাল্গুনী পূর্ণিমাতে অনুষ্ঠিত দোলযাত্রা। এদিন শ্রীকৃষ্ণ রাধা ও অন্যান্য গোপীদের সঙ্গে রং খেলেছিলেন। এই দিনে জন্মগ্রহণ করে ছিলেন শ্রীশ্রী চৈতন্যদেব। বাঁকুড়ার অনেক গ্রামে দোলযাত্রা উপলক্ষে সংকীর্তন হয়। কোথাও কোথাও হয় পঞ্চম দোল। অর্থাৎ দোল পূর্ণিমার পর পঞ্চমী তিথিতেদোল। **দোল উপলক্ষে যে মেলাগুলি হয় সেগুলি হল**

দোল মেলা

| গ্রাম | গ্রাম পঞ্চায়েত | থানা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ব্রাহ্মণ গ্রাম | লেগো | কোতুলপুর | পঞ্চমদোল | একদিনের মেলা |
| রায়বাঘিনী | মির্জাপুর | কোতুলপুর | | নবকুঞ্জ মেলা ৪দিন |
